

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেডেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ২২ জানুয়ারি, ২০২৫ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২২/০১/২০২৫ খ্রি. তারিখ রোজ বুধবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মংচিংনু মারমা  
এর নেতৃত্বে "মেসার্স আমার বেকারি এন্ড কনফেকশনারী", কমলাপুর বাজার রোড, মতিঝিল, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা  
করা হয়।

বেকারিটিতে অত্যন্ত নোংরা পরিবেশে কেক, বুটি, বিভিন্ন ধরনের বিস্কুট, পেটিস, বাটারবন ইত্যাদি তৈরী ও প্যাকেট করতে দেখা যায়  
এবং তা প্রস্তুতকালে ফুড গ্রেডবিহীন ফ্রেজার, মাখন ও রং ব্যবহার করতে দেয়া যায়। প্রতিষ্ঠানটির খাদ্য পন্যের কোনটারই  
কোনোপকার বি.এস.টি.আই অনুমোদন অথবা ট্রেডমার্ক সনদ নেই। বেকারিতে ব্যবহৃত বিভিন্ন বিদেশী খাদ্যগোপকরণে  
আমদানিকারকের তথ্য কিংবা বিল ভাউচার/মেমো দেখাতে পারেন। এছাড়াও প্রতিষ্ঠানটি তাদের বাধ্যতামূলক নিবন্ধন  
অর্থাত্ ফায়ার লাইসেন্স, পরিবেশ ছাড়পত্র, প্রিমিসেস লাইসেন্স, খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। এ সকল অপরাধে  
নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ১,০০,০০০ (এক লক্ষ টাকা) অর্থদণ্ড আরোপ করা হয়,  
অর্থদণ্ড অনাদায়ে ৩০দিনের বিনাশ্বাস কারাদণ্ড প্রদান করা হয় এবং তাৎক্ষণিকভাবে জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে জনাব মোহাম্মদ কামরুল হাসান, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ  
এবং ব্যাটালিয়ন আনসার এর ৮ সদস্যবৃন্দের একটি টিম কোর্টকে সহযোগিতা করেন।

  
১১:৩১.২০১৫

বি. এম. রুহুল আমিন রিমন

উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

### বিতরণ:

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুল্কতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।